গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্বরাষ্ট্র মন্ত্রণালয়
শৃঙ্খলা-১ শাখা
www.moha.gov.bd

নম্বর-৪৪.০০.০০০০.০৫৭.২৭.০০৮.২৫- ৩৭৮

তারিখ: ১০ আশ্বিন ১৪৩৩
২৬ সেপ্টেম্বর ২০২৬

**প্রজ্ঞাপন**

যেহেতু, জনাব এস এম মেহেদী হাসান (বিপি-৭২০৩০২৭৮০৮), বর্তমানে সাময়িক বরখাস্ত ও রেঞ্জ ডিআইজি'র কার্যালয়, সিলেটে সংযুক্ত ইতঃপূর্বে যুগ্ম পুলিশ কমিশনার (ট্রাফিক-দক্ষিণ), ডিএমপি, ঢাকা হিসাবে কর্মরত থাকাকালে গত ০৬-০৮-২০২৪ তারিখ হতে যথাযথ কর্তৃপক্ষকে মৌখিক বা লিখিতভাবে অবহিত না করে বিনা অনুমতিতে কর্মস্থলে অনুপস্থিত রয়েছেন। পরবর্তীতে কর্মস্থলে হাজির হওয়ার জন্য তাঁর স্থায়ী ও বর্তমান ঠিকানা এবং ই-মেইল ঠিকানায় নোটিশ প্রদান করা হলেও তিনি কর্মস্থলে হাজির হননি। অর্থাৎ তিনি গত ০৬-০৮-২০২৪ তারিখ হতে অদ্যাবধি যথাযথ কর্তৃপক্ষের বিনা অনুমতিতে কর্মস্থলে অনুপস্থিত রয়েছেন। তাঁর এহেন কর্মকাণ্ড সরকারি দায়িত্ব-কর্তব্য পালনে চরম অবহেলা এবং বিভাগীয় শৃঙ্খলা পরিপন্থি, যা সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা, ২০১৮ এর ২(চ) বিধি অনুসারে 'পলায়ন (Desertion)'-এর আওতাভুক্ত এবং একই বিধিমালার ৩(গ) বিধি অনুসারে 'পলায়ন (Desertion)'-এর পর্যায়ভুক্ত শাস্তিযোগ্য অপরাধ। উল্লিখিত অভিযোগে তাঁর বিরুদ্ধে বিভাগীয় ব্যবস্থা গ্রহণের জন্য পুলিশ অধিদপ্তর, ঢাকা হতে পত্র প্রেরণ করা হয়। তদপ্রেক্ষিতে গত ১৯-০৬-২০২৫ তারিখ তাঁর বিরুদ্ধে ০০৮/২০২৫ নং বিভাগীয় মামলা রুজুপূর্বক অভিযোগনামা ও অভিযোগ বিবরণী প্রেরণ করে সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা, ২০১৮ এর ৭(খ) বিধি অনুযায়ী তাঁকে কারণ দর্শানোর নোটিশ প্রেরণ করা হয়; এবং

০২। যেহেতু, কারণ দর্শানোর নোটিশের জবাব দাখিলের জন্য নির্ধারিত সময় অতিবাহিত হলেও আত্মপক্ষ সমর্থনে তিনি তাঁর লিখিত বক্তব্য/জবাব দাখিল করেননি। একইসাথে তিনি সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা, ২০১৮ অনুযায়ী লিখিত বক্তব্য/জবাব দাখিলের জন্য সময় বৃদ্ধিরও কোনো আবেদন করেননি। তদপ্রেক্ষিতে তাঁর বিরুদ্ধে আনীত অভিযোগসমূহের গুরুত্ব ও প্রকৃতি বিবেচনায় এবং অভিযোগসমূহ প্রমাণিত হলে গুরুদণ্ড আরোপযোগ্য হবে মর্মে প্রতীয়মান হওয়ায় সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা, ২০১৮ এর ৭(২)(ঘ) বিধি মোতাবেক অভিযোগসমূহ তদন্তের জন্য গত ১৫-০৯-২০২৫ তারিখ তদন্তকারী কর্মকর্তা নিয়োগ করা হয়; এবং

০৩। যেহেতু, তদন্তকারী কর্মকর্তা তদন্ত শেষে গত ২৯-০৪-২০২৬ তারিখ তদন্ত প্রতিবেদন দাখিল করেন। উক্ত তদন্ত প্রতিবেদনে তাঁর বিরুদ্ধে আনীত সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা, ২০১৮ এর ৩(গ) বিধি অনুসারে 'পলায়ন (Desertion)'-এর অভিযোগ সুস্পষ্টভাবে প্রমাণিত হয়েছে মর্মে উল্লেখ করা হয়েছে; এবং

০৪। যেহেতু, তদন্ত প্রতিবেদন ও অন্যান্য প্রাসঙ্গিক দলিলপত্রাদি পর্যালোচনায় অভিযুক্তের বিরুদ্ধে আনীত অভিযোগসমূহ সুস্পষ্টভাবে প্রমাণিত হওয়ায় সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা, ২০১৮ এর ৪(৩)(ঘ) বিধি মোতাবেক কেন তাঁকে চাকুরী হইতে বরখাস্ত বা অন্য কোনো উপযুক্ত গুরুদণ্ড প্রদান করা হবে না তার জবাব দাখিলের জন্য সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা, ২০১৮ এর ৭(৯) বিধি মোতাবেক গত ০৪-০৬-২০২৬ তারিখ ২য় কারণ দর্শানোর নোটিশ প্রেরণ করা হয়। তিনি ২য় কারণ দর্শানো নোটিশেরও জবাব দাখিল করেননি; এবং

০৫। যেহেতু, জনাব এস এম মেহেদী হাসান (বিপি-৭২০৩০২৭৮০৮)-কে 'চাকুরী হইতে বরখাস্তকরণ' সূচক গুরুদণ্ড প্রদানের প্রাথমিক সিদ্ধান্ত বহাল রাখা হয়। অতঃপর সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা, ২০১৮ এর ৭(১০) বিধি এবং বাংলাদেশ সরকারী কর্ম কমিশন (পরামর্শ) প্রবিধানমালা, ১৯৭৯ এর প্রবিধি-৬ মোতাবেক উল্লিখিত গুরুদণ্ডের বিষয়ে গত ১৯-০৭-২০২৬ তারিখ বাংলাদেশ সরকারী কর্ম কমিশন-এর পরামর্শ চাওয়া হয়। তদপ্রেক্ষিতে বাংলাদেশ সরকারী কর্ম কমিশন তাঁকে 'চাকুরী হইতে বরখাস্তকরণ' সূচক গুরুদণ্ড আরোপ করা যায় মর্মে গত ২৪-০৮-২০২৬ তারিখ পরামর্শ প্রদান করে; এবং

পরবর্তী পৃষ্ঠা দ্রষ্টব্য

পূর্ববর্তী পৃষ্ঠা হতে

০৬। যেহেতু, তাঁর বিরুদ্ধে আনীত 'পলায়ন'-এর অভিযোগ সুস্পষ্টভাবে প্রমাণিত হওয়ায় সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা, ২০১৮ এর ৪(৬) বিধি অনুসারে নিয়োগকারী কর্তৃপক্ষ রাষ্ট্রপতি বিধায় এ বিভাগীয় মামলায় অভিযুক্তকে একই বিধিমালার ৪(৩)(ঘ) বিধি অনুযায়ী গত ০৬-০৮-২০২৪ তারিখ হতে 'চাকুরী হইতে বরখাস্তকরণ (Dismissal from service)' সূচক গুরুদণ্ড আরোপের নিমিত্ত গত ২২-০৯-২০২৬ তারিখ রাষ্ট্রপতি কর্তৃক অনুমোদিত হয়েছে;

০৭। সেহেতু, জনাব এস এম মেহেদী হাসান (বিপি-৭২০৩০২৭৮০৮), বর্তমানে সাময়িক বরখাস্ত, রেঞ্জ ডিআইজি'র কার্যালয়, সিলেটে সংযুক্ত ও সাবেক যুগ্ম পুলিশ কমিশনার (ট্রাফিক-দক্ষিণ), ডিএমপি, ঢাকা-এর বিরুদ্ধে আনীত সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা, ২০১৮ এর ৩(গ) বিধি অনুসারে 'পলায়ন (Desertion)'-এর অভিযোগ সুস্পষ্টভাবে প্রমাণিত হওয়ায় একই বিধিমালার ৪(৩)(ঘ) অনুযায়ী **গত ০৬-০৮-২০২৪ তারিখ হতে তাঁকে 'চাকুরী হইতে বরখাস্তকরণ (Dismissal from service)'** সূচক গুরুদণ্ড প্রদান করা হলো।

এ আদেশ অবিলম্বে কার্যকর হবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে,

২৪/০২/২৬

মনজুর মোর্শেদ চৌধুরী
সিনিয়র সচিব

**অনুলিপি সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হলো (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):**

০১। মন্ত্রিপরিষদ সচিব, মন্ত্রিপরিষদ বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
০২। প্রধানমন্ত্রীর মুখ্যসচিব, প্রধানমন্ত্রীর কার্যালয়, তেজগাঁও, ঢাকা।
০৩। সিনিয়র সচিব/সচিব, জনপ্রশাসন মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়/জনবিভাগ, রাষ্ট্রপতির কার্যালয়, বঙ্গভবন/বাংলাদেশ সরকারী কর্ম কমিশন, আগারগাঁও, ঢাকা।
০৪। পুলিশ মহাপরিদর্শক, পুলিশ অধিদপ্তর, ঢাকা (প্রজ্ঞাপনটি বর্ণিত কর্মকর্তার স্থায়ী ও বর্তমান ঠিকানায় জারির অনুরোধসহ)।
০৫। অতিরিক্ত সচিব (শৃঙ্খলা/পুলিশ অনুবিভাগ), স্বরাষ্ট্র মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
০৬। চিফ একাউন্টস এন্ড ফিন্যান্স অফিসার, স্বরাষ্ট্র মন্ত্রণালয়, হিসাবভবন, সেগুনবাগিচা, ঢাকা।
০৭। মন্ত্রীর একান্ত সচিব, স্বরাষ্ট্র মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা (মন্ত্রীর সদয় অবগতির জন্য)।
০৮। সিনিয়র সচিবের একান্ত সচিব, স্বরাষ্ট্র মন্ত্রণালয়, ঢাকা (সিনিয়র সচিবের সদয় অবগতির জন্য)।
০৯। উপ-পরিচালক, বাংলাদেশ ফরমস্ ও প্রকাশনা অফিস, তেজগাঁও, ঢাকা (প্রজ্ঞাপনটি গেজেটের পরবর্তী সংখ্যায় প্রকাশের অনুরোধসহ)।
১০। জনাব এস এম মেহেদী হাসান (বিপি-৭২০৩০২৭৮০৮), বর্তমানে সাময়িক বরখাস্ত, রেঞ্জ ডিআইজি'র কার্যালয়, সিলেটে সংযুক্ত ও সাবেক যুগ্ম পুলিশ কমিশনার (ট্রাফিক-দক্ষিণ), ডিএমপি, ঢাকা।
১১। প্রোগ্রামার, আইসিটি সেল, স্বরাষ্ট্র মন্ত্রণালয়, ঢাকা (ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)।
১২। অফিস কপি।